

পল্লী উন্নয়ন একাডেমী

বগুড়া।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২২-২৩) এর আওতায় নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ নুরুল আমিন, নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ও পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার)
সভার তারিখ : ১২ সেপ্টেম্বর, ২০২২
সভার সময় : সকাল ১১:৩০ ঘটিকা
স্থান : ফোকাল পয়েন্ট মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি : উপস্থিত সদস্যদের তালিকা 'পরিশিষ্ট-ক' সংযুক্ত

২.০ সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর তিনি কার্যপত্রে আলোচ্য বিষয় উপস্থাপনের অনুরোধ জানান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী না থাকায় সভায় উক্ত কার্যবিবরণী অনুমোদনপূর্বক দৃঢ়করণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়-

আলোচ্যসূচিঃ

১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১ম কোয়ার্টার এর কার্যক্রম পর্যালোচনা।

২. বিবিধ।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠান	একাডেমীতে অনুষ্ঠিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাদের ২টি ব্যাচের প্রশিক্ষার্থীদের 'আহার-আপ্যায়ন' কমিটির সদস্যদের নিয়ে অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে। জনাব মোঃ খালিদ আওরংগজেব, পরিচালক(প্রশাসন) (চলতি দায়িত্ব) এ বিষয়ে দায়িত্ব পালন করবেন।
২.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	একাডেমীর ৬৫ জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ক একদিনের একটি প্রশিক্ষণ প্রদান করা হবে। কোর্সটি ১৯/৯/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে এবং কোর্স পরিচালক ও সমন্বয়ক হিসেবে যথাক্রমে জনাব শ্যামল চন্দ্র হাওলাদার, উপপরিচালক ও জনাব তানজিল আনোয়ারী, সহকারী পরিচালক দায়িত্ব পালন করবেন।
৩.	কর্ম-পরিবেশ উন্নয়নে মহিলাদের জন্য ৪টি পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা	একাডেমীতে মহিলাদের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে মহিলাদের জন্য একাডেমীর প্রশাসন ভবনে ২টি এবং ২নং অনুষ্ণ ভবনে ২টি পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হবে। জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
৪.	২০২২-২৩ অর্থবছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ এবং ক্রয়-পরিকল্পনা বাস্তবায়ন	২০২২-২৩ অর্থবছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং ক্রয়-পরিকল্পনা অনুসরণে রাজস্ব বাজেটের মনোহারী মালামাল ও বিবিধ মালামাল ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
৫.	যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অনুমোদিত যানবাহন নীতিমালা অনুসরণে প্রাপ্যতা অনুযায়ী গাড়ীর রিকুইজিশনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন গ্রহণ	যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অনুমোদিত যানবাহন নীতিমালা অনুসরণে প্রাপ্যতা অনুযায়ী গাড়ী ব্যবহারের বিষয়ে ২১/৭/২০২২ তারিখে একটি অফিস আদেশ জারী করা হয়েছে এবং গাড়ীর রিকুইজিশনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হচ্ছে।

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

[ড. মোঃ নুরুল আমিন]

ফোকাল পয়েন্ট

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।